দৈনিক বাংলা

তারিখ ৩/১/৮২
পৃষ্ঠা ... কলাম ...

২৬০

০৩৩

## প্রসঙ্গ গণ শিক্ষা অফিসার নিয়োগ

গত ২৯শে ডিসেম্বর ঢাকায় 'গণশিক্ষায় প্রাথমিক শিক্ষকদের ভূমিকার উপর উপর একটি সেমিনার অনুষ্ঠিত হয়। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে শত শত শিক্ষক প্রতিনিধি এ সেমিনারে অংশ গ্রহণ করেন। মহামান্য রাষ্ট্রপতি সেমিনারটি উদ্বোধন করেন। শিক্ষক ছাড়াও মাননীয় প্রধানমন্ত্রী বিভিন্ন বিভাগীয় মন্ত্রীবর্গ এবং শিক্ষা বিভাগীয় কর্মকর্তা আলোচনায় অংশ গ্রহণ করেন। এ সেমিনারের মূল বক্তব্য হলো: দেশের ৪৩ হাজার প্রাথমিক বিদ্যালয়কে গণশিক্ষা কেন্দ্রে পরিণত করা হবে এবং প্রাথমিক শিক্ষকরাই হবে গণ শিক্ষার কর্ণধার।

প্রসঙ্গত উল্লেখ্য গণশিক্ষা বিস্তারের উদ্দেশ্যে সরকার প্রাথমিক ও গণশিক্ষা পরিদফতর খুলেছেন এবং প্রতি থানায় গণশিক্ষা অফিসার নিয়োগের জন্যে ইতিমধ্যেই একটি প্রতিযোগিতামূলক লিখিত পরীক্ষা নিচেছন। দেখা গেছে এই পরীক্ষায় অভিজ্ঞ প্রাথমিক শিক্ষকদের প্রায় সবাই বাদ পড়েছেন। বাংলাদেশে এমন শত শত প্রাথমিক শিক্ষক রয়েছেন যারা বি এড এম এড পাস করেও প্রাথমিক পর্যায়ের শিক্ষকতাকে পেশা হিসাবে গ্রহণ করেছেন। বিভাগীয় প্রমোশনের আশায় তারা যুগ যুগ ধরে অপেক্ষা করছেন।

যদি শিক্ষাগত যোগ্যতা এবং শিক্ষকতার অভিজ্ঞতার ভিত্তিতে প্রাথমিক শিক্ষকদের গণশিক্ষা অফিসারের পদে শিক্ষকদের প্রমোশন দেয়া হয়, তা হলে দেশে গণ শিক্ষার বিস্তার ও নিরক্ষরতা দূরী করণের কাজ ত্বরান্বিত হবে, প্রাথমিক শিক্ষকরা দ্বিগুণ উৎসাহ পাবে এবং দেশ দ্রুত উন্নতির দিকে ধাবিত হবে বলে আমরা বিশ্বাস রাখি। তাই বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে এব্যাপারে আশু কার্যকর ব্যবস্থা নেয়ার জন্যে আমরা সরকারের উর্ধতন কর্তৃপক্ষ ও শিক্ষা মন্ত্রণালয়ের কাছে বিনীত আবেদন জানাচ্ছি।

এবি এম চানমিয়া
শিক্ষক, কমলাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, ঢাকা-১৭